

চৈতন্য-চরিতামৃত্তে বর্ণিত সাক্ষীগোপালের অপূর্ব মাহাত্ম্য নিয়ে বলাই
পাচাল প্রযোজিত বিভা ফিল্ম প্রডাকসনের প্রথম বাংলা চিত্র নিবেদন!

পরিচালনা :

সাক্ষীগোপাল

সংগীত পরিচালনা :

চিত্র মুখোপাধ্যায় ও
গৌর সী

সাক্ষীগোপাল

বলাই চট্টোপাধ্যায়

কাহিনী, চিত্রনাট্য ও সংলাপ : গৌর সী * ব্যবস্থাপনা : অমর গান্ধী (এ্যাঃ)

সাক্ষীগোপাল

পুরী ও ভুবনেশ্বরের মাঝামাঝি বিজ্ঞানগর গ্রামে বড় মিশ্র ও ছোটমিশ্র নামে দুই ব্রাহ্মণ বাস করতেন। বড় মিশ্র ধনী আর ছোট মিশ্র দরিদ্র। ছ'জনে একসঙ্গে তীর্থ-পর্যটনে বেরিয়েছিলেন। বড় মিশ্র পথিমধ্যে একটা মন্দিরে বিস্মৃতিকা রোগে আক্রান্ত হ'য়ে পড়েন। ছোট মিশ্র প্রাণ টেলে সেবা করে তাঁকে আরোগ্য করে তোলেন। সেবার প্রতিদানে নিজের কন্যাকে ছোট মিশ্রকে দান করবেন বলে বড় মিশ্র প্রতিশ্রুতি দেন। কিন্তু গৃহে ফিরে এসে আত্মীয়স্বজন ও বন্ধুবান্ধবদের পরামর্শে বড় মিশ্র তাঁর প্রতিশ্রুতির কথা অস্বীকার করেন। বরং তাঁর অনুগত গ্রামবাসীরা সভা ডেকে ছোট মিশ্রকে অপমান করে এবং ব্যঙ্গ করে বলে : মিছেমিছি প্রতিশ্রুতি ভংগের অভিযোগ আনছে কেন? তোমার মত গরীবের কাছে ও কন্যাদান করতে যাবে কেন? বেশ, কোন সাক্ষী আছে তোমার? ছোট মিশ্র চিন্তিত হ'য়ে পড়েন! তাইত! কে তার হ'য়ে সাক্ষ্য দেবে। আর সেখানেত আর কেউ ছিল না! অভিমানে তিনি ছুটে যান সেই দেব মন্দিরে। সাক্ষী একজন আছেন বৈকী? মাথা খুঁড়তে থাকে দেবতার পায়ে, 'তুমি ছাড়া ত আর কোন সাক্ষী ছিল না! তুমিই শুনেছো সব কথা। তুমি যদি সত্যের প্রতিপালক হও—আমার হ'য়ে কী তুমি সাক্ষী দিতে আসবে না! যদি না আসো—তোমারই পায়ে মাথা খুঁড়ে মরবো; 'ছোট মিশ্রের আকুল আত'নাদে মন্দিরের দেবতা বিচলিত হ'য়ে পড়েন— তিনি যে সত্যই সত্যের প্রতিপালক, সে কথা প্রমাণ করবার জন্য ছোট মিশ্রের ডাকে সাড়া না দিয়ে পারেন না। এই অপূর্ব দেব-মাহাত্ম্যের কথা নিয়েই গড়ে উঠেছে সাক্ষীগোপালের গল্পাংশ। — — —



বিভিন্ন চরিত্র রূপায়ণে :

মনোরঞ্জন ভট্টাচার্য : সুপ্রভা মুখোপাধ্যায় : বর্ণা দেবী : তুলসী চক্র : গৌর সী

হুলাল দত্ত : বলাই চট্টো : অনুপকুমার : বলাই : হারাধন : অমর : প্রভৃতি

— ই ষ্ট্রা ন টকীজ ষ্টু ডি ও তে চিত্র খা নির প্রস্তুতি চলছে —

বিভা ফিল্ম প্রডাকসন : দক্ষিণ বঁ্যা টরা : হা ও ডা